# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৯৫৫

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا بَهْزٌ، وَعَفَّانُ، قَالا: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، قَالَ: عَفَّانُ، قَالَ: أَخْبَرَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ يَسَارٍ، عَنْ عَمْرِو بْنِ حُرَيْثٍ، أَنَّهُ عَادَ حَسَنًا، وَعِنْدَهُ عَلِيٌّ، فَقَالَ عَلِيٌّ: أَتَعُودُ حَسَنًا وَفِي النَّفْسِ مَا فِيهَا؟ قَالَ: نَعَمْ، إِنَّكَ لَسْتَ بِرَبِّ قَلْبِي فَتَصْرِفَهُ حَيْثُ شِئْتَ، فَقَالَ: أَمَا إِنَّ ذَلِكَ لَا يَمْنَعُنِي أَنْ أُؤَدِّيَ إِلَيْكَ النَّصِيحَةَ، سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: " مَا مِنْ مُسْلِمٍ يَعُودُ مُسْلِمًا إِلَّا ابْتَعَثَ اللهُ لَهُ سَبْعِينَ أَلْفَ مَلَكٍ يُصَلُّونَ عَلَيْهِ أَيَّ سَاعَةٍ مِنَ النَّهَارِ كَانَتْ حَتَّى يُمْسِيَ، وَأَيَّ سَاعَةٍ مِنَ اللَّيْلِ كَانَتْ حَتَّى يُصْبِحَ

حسن، والصحيح وقفه كما تقدم برقم (612) ، وهذا إسناد ضعيف لجهالة عبد الله بن يسار
وأخرجه أبو يعلى (289) ، وابن حبان (2958) من طريقين عن حماد بن سلمة، بهذا الإسناد. وقد تحرف في صحيح ابن حبان: عبدُ الله بن يسار، إلى: عبد الله بن شداد.
وقد تقدم برقم (547) وانظر طريقاً آخر له (612)

বাংলা

৯৫৫। আমর বিনু হুরাইছ অসুস্থ হাসানকে দেখতে এলেন। আলী (রাঃ)-ও তার নিকট উপস্থিত ছিলেন। আলী (রাঃ) বললেন, হে আমর! আপনার মনে যা আছে তা সত্ত্বেও হাসানকে দেখতে এলেন? আমর বললেনঃ আপনিতো আমার অন্তরের মালিক নন যে, তাকে যেদিকে ইচ্ছা সরিয়ে দেবেন। আলী (রাঃ) বললেনঃ শুনুন, মনে যাই থাক তা আমাদেরকে পরস্পরের শুভাকাংখী হতে বাধা দেয় না। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ কোন মুসলিম অন্য কোন রুগ্ন মুসলিমকে দেখতে গেলে আল্লাহ তার উপর ৭০ হাজার ফেরেশতা পাঠান, যারা তার জন্য দু'আ করতে থাকে, দিনের যে কোন সময়ে গেলে সন্ধ্যা পর্যন্ত আর রাতের যে কোন সময় গেলে সকাল পর্যন্ত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64241

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন